

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(প্রশাসন শাখা)  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

বিজ্ঞপ্তি নং-৬৬৬

-এ,

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ  
২৭ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: ফৌজদারী বিবিধ মামলার আদেশের কপি অনলাইনভিত্তিক সিস্টেমে আপলোড প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ফৌজদারী বিবিধ মামলার আদেশসমূহ দ্রুততার সহিত অনলাইনে আপলোড করার জন্য সংশ্লিষ্ট বেঞ্চও অফিসার ও সহকারী বেঞ্চও অফিসারগণকে এবং সার্ভার হতে আদেশের কপি ডাউনলোড ও কপি করে নকল প্রস্তুতের জন্য সংশ্লিষ্ট শাখায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে নির্দেশনা প্রদান সংক্রান্তে ১৮/০৬/২০১৯ খ্রি. তারিখ বিজ্ঞপ্তি নং-২৯৪ জারী করা হয়। বিগত ০৭/১১/২০২২ খ্রি. তারিখ ক্রিমিনাল মোশন বেঞ্চেও কর্মরত বেঞ্চও অফিসার ও সহকারী বেঞ্চও অফিসারদের সাথে অনুষ্ঠিত মত বিনিময় সভায় ফৌজদারী বিবিধ মামলার আদেশ সার্ভারে আপলোড করার বিষয়ে পুনরায় নির্দেশনা প্রদান করা হলেও সভায় ফৌজদারী বিবিধ মামলার আদেশসমূহ সংশ্লিষ্ট সকল বেঞ্চও অফিসার ও সহকারী বেঞ্চও অফিসার সার্ভারে নিয়মিতভাবে আপলোড না করায় ক্রিমিনাল মিস্ শাখায় আদেশের কপি প্রেরণে ও নকলখানায় নকল প্রস্তুতে বিলম্ব হচ্ছে।

এমতাবস্থায়, ক্রিমিনাল মোশন বেঞ্চেও কর্মরত সংশ্লিষ্ট বেঞ্চও অফিসার ও সহকারী বেঞ্চও অফিসারগণকে ফৌজদারী বিবিধ মামলার আদেশসমূহ নিয়মিতভাবে সার্ভারে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ/-


(মোঃ গোলাম রববানী)  
রেজিস্ট্রার জেনারেল  
ফোন: ২২৩৩৮২৭৮৫

স্মারক নং- ১০১৭১ (১) -এ,

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ  
২৭ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

প্রয়োজনীয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।  
২. সহকারী রেজিস্ট্রার (ফৌজদারী-১/ফৌজদারী-২), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।  
৩. জনাব.....বেঞ্চও অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা  
(কোর্ট নং-.....)।  
৪. জনাব.....সহকারী বেঞ্চও অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা  
(কোর্ট নং-.....)।  
৫. সুপারিনিটেন্ডেন্ট,.....শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

  
(মোঃ মিজানুর রহমান)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোন: ৯৫৬৬৮২৬